দৈনিক বাংলা

তারিখ 26 JAN 1988
017 পৃষ্ঠা 5 কলাম 3

# মেডিক্যাল কলেজে ভর্তির শর্ত

মৌখিক পরীক্ষা এবং মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিকে প্রাপ্ত নম্বরের ১০% নম্বর যোগ না করে মেধা-তালিকা তৈরি করার একটা আদর্শ পদ্ধতিই এ বছর এমবিবিএসএর ভর্তির ক্ষেত্রে চালু করা হয়েছে। এ জন্য কর্তৃপক্ষকে আমরা ধন্যবাদ জানাই। তবে ইম্প্রুভমেন্ট পরীক্ষার ক্ষেত্রে কর্তৃপক্ষের অনুসৃত নীতি সম্পর্কে আমাদের কিছু বক্তব্য আছে।

সাবেক নিয়মে যেখানে মাধ্যমিক উচ্চ মাধ্যমিক-এ প্রাপ্ত নম্বর থেকে প্রতি ইম্প্রুউমেন্ট বছরের জন্যে ১০ নম্বর কেটে নেয়া হতো এখন (নতুন নিয়মে) সেখানে ১০০ নম্বরের লিখিত পরীক্ষায় প্রাপ্ত নম্বর থেকে প্রতি ইম্প্রুভমেন্ট বছরের জন্যে ২.৫ নম্বর কেটে নেওয়া হয়। ফলত ১০০ নম্বরের পরীক্ষায় প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কেটে নিলেই সাবেক নিয়মানুযায়ী কাজ করা হয়। কিন্তু কথা হলো, যেখানে ১টা নম্বর রাখার জন্য অনেক পরীক্ষার্থী তীব্র প্রতিদ্বন্দ্বিতা করে সেখানে কোন কারণে চান্স না পেয়ে ৩য় ইম্প্রুভমেন্ট বছরে ২.৫×২=৫ নম্বর হারিয়ে পরীক্ষা দিলে তার কি আর চান্স পাওয়ার আশা থাকে? মেধাবী যে সে মেধাবীই। চাই সে নিয়মিত হোক আর ইম্প্রুভমেন্টই হোক। কর্তৃপক্ষের যদি মেধাবী ছাত্রছাত্রী ভর্তি করারই ইচ্ছা থাকে তাহলে নিয়মিত এবং ইম্প্রুভমেন্ট পরীক্ষার্থীদের মধ্যে এই নম্বর কাটাকাটির বৈষম্য দূর করে শুধুমাত্র ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতেই তো প্রকৃত মেধাবী ছাত্রছাত্রী ভর্তি করা উচিত।

তাই কর্তৃপক্ষের কাছে আমার আবেদন, ভর্তির ক্ষেত্রে নতুন নিয়ম এবং ইম্প্রুভমেন্ট পরীক্ষার্থীদের ক্ষেত্রে কোন নম্বর না কাটা হোক,

—মিস সাবিনা ইয়াসমিন,
বসুন্দিয়া, যশোর।